# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ২৯৮

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৩৩. তিনবার মাথা মসেহ করার দলীল

بَاب دَلِيلِ تَثْلِيث الْمَسْحِ

আরবী

حَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، نَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ الْمَخْرَمِيُّ ، نَا صَفْوَانُ بْنُ عِيسَى ، عَنْ مُحَمَّدِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي مَرْيَمَ ، عَنِ ابْنِ دَارَةَ مَوْلَى عُثْمَانَ ، قَالَ : دَخَلْتُ عَلَيْهِ يَعْنِي : عَلَى عُثْمَانَ مَنْزِلَهُ ، فَسَمِعَنِي وَأَنَا أَتَمَضْمَضُ ، فَقَالَ : يَا مُحَمَّدُ ، قُلْتُ لَبَّيْكَ ، قَالَ : أَلَا أُحَدِّثُكَ عَنْ وُضُوءِ رَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ ؟ قُلْتُ : بَلَى ، قَالَ : رَأَيْتُ رَسُولَ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ أُتِيَ بِمَاءٍ ، وَهُوَ عِنْدَ الْمَقَاعِدِ ، فَمَضْمَضَ ثَلَاثًا ، وَنَثَرَ ثَلَاثًا ، وَغَسَلَ وَجْهَهُ ثَلَاثًا ، وَذِرَاعَيْهِ ثَلَاثًا ثَلَاثًا ، وَمَسَحَ بِرَأْسِهِ ثَلَاثًا ، وَغَسَلَ قَدَمَيْهِ ثَلَاثًا ثَلَاثًا ، ثُمَّ قَالَ : هَكَذَا وُضُوءُ رَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ أَحْبَبْتُ أَنْ أُرِيَكُمُوهُ

বাংলা

২৯৮(৪). আল-হুসাইন ইবনে ইসমাঈল (রহঃ) ... উসমান (রাঃ) এর মুক্তদাস ইবনে দারা (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি উসমান (রাঃ) এর সাথে তার ঘরে সাক্ষাৎ করলাম। তিনি শুনতে পেলেন, আমি কুলি করছি। তিনি বলেন, হে মুহাম্মাদ! আমি বললাম, উপস্থিত। তিনি বলেন, আমি কি তোমার নিকট রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর হাদীস বর্ণনা করবো? আমি বললাম, হ্যাঁ। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দেখেছি তাঁর নিকট উযুর পানি আনা হলো, তখন তিনি আল-মাকাইদে (জানাযার নামায পড়ার স্থানে) ছিলেন। তিনি তিনবার কুলি করেন, তিনবার নাক পরিষ্কার করেন, তিনবার মুখমণ্ডল ধৌত করেন, তিনবার করে উভয় বাহু (হাত) ধৌত করেন, তিনবার মাথা মসেহ করেন এবং উভয় পা তিনবার করে ধৌত করেন। অতঃপর উসমান (রাঃ) বলেন, এরূপই ছিল রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর উযু। তা আমি তোমাদের দেখাতে পছন্দ করি।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ ইবনে দারা (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80087

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন